

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩৯৪৯

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধাভিযানে হত্যার বর্ণনা

আরবী

وَعَنْ سَمُرَةَ بْنِ جُنْدَبٍ قَالَ: كَانَ شِعَارُ الْمُهَاجِرِينَ: عَبْدَ اللَّهِ وَشِعَارُ الْأَنْصَارِ: عَبْدُ الرَّحْمَنِ. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৩৯৪৯-[১৩] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মুহাজিরদের সাংকেতিত চিহ্ন ছিল 'আবদুল্লাহ' আর আনসারদের সাংকেতিত ছিল 'আব্দুর রহমান'। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] যঈফ : আবু দাউদ ২৫৯৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩০৫২। কারণ এর সনদে হাজ্জাজ বিন আরত্বত একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে মুহাজিরদের উভয়ের প্রতীকী চিহ্নের মাঝে পার্থক্য করার উদ্দেশ্য তাদের উভয়ের মর্যাদার ভিন্নতা প্রকাশ করা, সম্ভবত এটা অন্য কোনো যুদ্ধে ছিল। (মিশকাতুল মাফাতীহ)

'আওনুল মা'বুদে আছে- যুদ্ধে তাদের ঐ প্রতীকী চিহ্ন পার্থক্য করার উদ্দেশ্য যাতে করে কে মুহাজির আর কে আনসার তা সহজেই বুঝতে পারা যায়। (আওনুল মা'বুদ ৫ম খন্ড হাঃ ২৫৯২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=69276>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন